

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
উন্নয়ন-৪ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৩.৫৪.০০১.১৯-০৬৩

তারিখ: ০২ কার্তিক, ১৪২৭
১৮ অক্টোবর, ২০২০

বিষয়: “ন্যাশনাল একাডেমি ফর অটিজম এন্ড নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটিজ (NAAND)” শীর্ষক প্রকল্পের আওতায় নির্ধারিত জাতীয় অটিজম একাডেমীর জন্য পূর্বাচলে ৩.৩৩ একর জমির সরেজমিনে পরিদর্শন।

সূত্র : ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৪.২০.১০১, তারিখ : ০৪/১০/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আমি নিম্নস্বাক্ষরকারী গত ১৭/১০/২০২০ ইং পূর্বাঞ্চল এলাকায় জাতীয় অটিজম একাডেমীর জন্য নির্ধারিত স্থান পূর্বাচল, সেক্টর-৮, রোড-২১৬, প্লট-৪, ৪এ, ৪বি পরিদর্শন করি। পরিদর্শনকালে নিম্নরূপ পর্যবেক্ষণ লক্ষ্য করা যায়:

- (ক) জাতীয় অটিজম একাডেমীর নির্ধারিত জমিটি অরক্ষিত;
- (খ) জমির চারপাশে সীমানা প্রাচীর দেয়া নেই;
- (গ) জমির পশ্চিম পাশে অবৈধভাবে ০৩টি টিনসেড ঘর স্থাপন করে দোকান চালু করেছে;
- (ঘ) জমির চারিদিকে এখনও কিছুটা অসমান বিশেষ করে দক্ষিণ পাশে; এবং
- (ঙ) জমিতে জাতীয় অটিজম একাডেমীর নাম ফলক দেয়া নেই।

সুপারিশ সমূহ:

- (১) জাতীয় অটিজম একাডেমীর জমিটি সুরক্ষিত করার লক্ষ্যে ডিপিপি’র বরাদ্দ সাপেক্ষে সীমানা প্রাচীর নির্মাণের জন্য পিএসসি (PSC) সভায় এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ব্যবস্থা করা;
- (২) দ্রুত জমিতে অটিজম একাডেমীর নামফলক প্রদান; এবং
- (৩) অবৈধভাবে স্থাপিত দোকান উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ।

(ড. মো: মনিরুজ্জামান)

উপসচিব (উন্নয়ন-৪)

ফোন- ৯৫৪৫৩১৪

ই-মেইল- dev4@moedu.gov.bd

প্রকল্প পরিচালক

“ন্যাশনাল একাডেমি ফর অটিজম এন্ড নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটিজ (NAAND)” শীর্ষক প্রকল্প
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৩.৫৪.০০১.১৯-০৬৩/১(৬)

তারিখ: ০২ কার্তিক, ১৪২৭
১৮ অক্টোবর, ২০২০

অনুলিপি:

- ০১। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ০৩। সিনিয়র সহকারী সচিব, বার্ষিক কর্ম সম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ০৬। অফিস নথি।

(ড. মো: মনিরুজ্জামান)

উপসচিব (উন্নয়ন-৪)